**Bangladesh Association of International Recruiting Agencies**
**(BAIRA)**

বায়রা/৩(৯)/২০২১/৯৫ তারিখ: ১৫/০৩/২০২১

অতীব জরুরী

বরাবর,
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়: বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন নীতিমালা-২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর পত্র নং-৪৯.০০.০০০০.০২৪.০৭.০০১.১৯-৪২০, তারিখ: ১৪/০৩/২০২১ খ্রি.।

মহোদয়,

আস্‌সালামু আলাইকুম।

বায়রা কর্তৃপক্ষের দীর্ঘদিনের দাবি তথা অব্যাহত প্রচেষ্টার ধারাবাহিকতায় সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর রিক্রুটিং এজেন্সীদের মধ্য হতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করতে যাচ্ছে। সে উদ্দেশ্যে মন্ত্রণালয় একটি খসড়া নীতিমালা প্রণয়ন করেছে, যা আগামী ১৮/০৩/২০২১ তারিখ একটি সভার মাধ্যমে চূড়ান্ত করা হবে (খসড়া সংযুক্ত)।

এমতবস্থায়, বর্ণিত খসড়া বিষয়ে আপনার কোন মতামত বা সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব থাকলে তা আপনার প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে লিখিত আকারে (স্বাক্ষর ও সীল সহ) আগামী ১৬/০৩/২০২১ তারিখ অফিস সময়ের মধ্যে বায়রা সচিবালয়ে সরাসরি অথবা ই-মেইল (baira1984@gmail.com) যোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,

সংযুক্ত: ৮ পাতা

১৫/৩/২০২১

(মুহাম্মদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

অনুলিপিঃ

১. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা।
২. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩. প্রশাসক, বায়রা।

Tel: 88-0241032136-38
Fax: 88-0241032144

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: ~~88-02 9345587, 9348096, 48312144~~
Fax: ~~88-02 9344979~~, E-mail: baira1984@gmail.com, Web: baira.org.bd

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন,
৭১-৭২,পুরাতন এলিফ্যান্ট রোড,ইস্কাটন, ঢাকা-১০০০।
অভিবাসী কল্যাণ শাখা
www.probashi.gov.bd

# সভার নোটিশ

নং-৪৯.০০.০০০০.০২৪.০৭.০০১.১৯- ৪২০ তারিখ ঃ ১৪/০৩/২০২১খ্রিঃ

"বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন নীতিমালা-২০২০ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিতে **আগামী ১৮/০৩/২০২১ তারিখ (রোজ বৃহস্পতিবার) সকাল ১১.০০টায়** এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (৬ষ্ঠ তলায়) একটি সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট কর্মকর্তা/তাঁর মনোনীত প্রতিনিধিকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এতদ্ সংগে খসড়া নীতিমালা প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ খসড়া নীতিমালা ০৪ (চার) পাতা।

১৪.০৩.২০২১
( কাঞ্চন বিকাশ দত্ত )
সহকারী সচিব
ফোন-৪১০৩০২৬২
E-mail: kanchonbikash@gmail.com

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১. মহাপরিচালক,জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,কাকরাইল, ঢাকা।
২. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৩. অনুবিভাগ প্রধান (সকল),প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
৫. প্রশাসক,বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
৬. কোম্পানী সচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
৭. জনাব মোঃ আব্দুল হাই,ব্যবস্থাপনা পরিচালক, গ্রীন ল্যান্ড ওভারসীজ, ১-গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।
৮. জনাব শামীম আহম্মদ চৌধুরী নোমান, ব্যবস্থাপনা পরিচালক, সাদিয়া ইন্টারন্যাশনাল, হাউস-১৩২, রোড-১৩/সি, ব্লক-ই (১ম ফ্লোর) বনানী,ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপসচিব (সেবা অধিশাখা) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ( সভায় উপস্থিত ৩৫ জন সদস্যের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ )
৫. সিস্টেম এনালিষ্ট,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান এবং নোটিশটি ওয়েবসাইডে আপলোড করার অনুরোধসহ)।
৬. অফিস কপি।

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

**প্রজ্ঞাপন**

তারিখ :------- ১৪২৭ বঙ্গাব্দ/------- খ্রিস্টাব্দ

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন নীতিমালা, ২০২০

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.--------------------যেহেতু, বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি উল্লেখযোগ্য অংশ বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে অর্জিত হয় এবং বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্টগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন; এবং

যেহেতু বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগ) বিধিমালা, ২০২০ এর বিধি ৮ এর উপবিধি (২) অনুযায়ী রিক্রুটিং এজেন্টগণের নিরাপদ, নিয়মিত, মানসম্পন্ন ও দায়িত্বশীল অভিবাসন কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টকে স্বীকৃতি ও প্রণোদনা প্রদানের বিধান রহিয়াছে; এবং

যেহেতু, দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার প্রতিবৎসর রিক্রুটিং এজেন্টগণের মধ্য হইতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে:-

সেহেতু, উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্‌দ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা :-

১। শিরোনাম।- এই নীতিমালা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট ) নির্বাচন নীতিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। সিআইপি (রিক্রুটিং এজেন্ট)।-বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান (রিক্রুটিং এজেন্ট) অতঃপর সিআইপি (রিক্রুটিং এজেন্ট) বলিয়া উল্লিখিত হইবে।

৩। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) এর শ্রেণীবিন্যাস ও সংখ্যা।-সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের শ্রেণীবিন্যাস ও সংখ্যা হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রঃ নং | সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের শ্রেণীবিন্যাস | সংখ্যা |
|---|---|---|
| (১) | সর্বাধিক অভিবাসী কর্মী প্রেরণকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) | সর্বোচ্চ ১৫ জন |
| (২) | অভিবাসী ব্যয় হ্রাসে গুরুত্বপূর্ণ অবদানকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) | সর্বোচ্চ ১০ জন |
| (৩) | সর্বাধিক দক্ষ কর্মী প্রেরণকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) | সর্বোচ্চ ১০ জন |
| | সর্বমোট | ৩৫ জন |

৪। মূল্যায়নকাল।- সকল ক্যাটাগরিতে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের জন্য আবেদনের বছরের পূর্ববর্তী তিন বৎসরে (ক্যালেন্ডার বৎসর) সিআইপি (রিক্রুটিং এজেন্ট) গণের কার্যক্রম মূল্যায়ন করা হইবে।

৫। সর্বাধিক অভিবাসী কর্মী প্রেরণকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) ক্যাটাগরিতে নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের জন্য নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

| ক্রঃ নং | নির্ণায়ক | ন্যূনতম যোগ্যতা | তথ্যের উৎস | মান বন্টন (পূর্ণ মান=৫০) |
|---|---|---|---|---|
| ১) | মোট প্রেরিত কর্মীর (নারী ও পুরুষ) সংখ্যা; | ন্যূনতম ৩০০০ জন কর্মী প্রেরণ করিতে হইবে। | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ডাটাবেজ এবং Recruiting Agent Information Management System (RAIMS) | ১৫ |
| ২) | ডিমান্ড লেটারের মাধ্যমে প্রেরিত মোট কর্মীর সংখ্যা; | ন্যূনতম ১০০ জন কর্মীকে ডিমান্ড লেটারের মাধ্যমে প্রেরণ করিতে হইবে | বিএমইটির ডাটাবেজ এবং মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এর প্রতিবেদন এবং RAIMS | ০৫ |
| ৩) | বিদেশগামী কর্মীর সহিত ব্যাংকের মাধ্যমে লেনদেনের পরিমাণ; | মোট লেনদেনের ন্যূনতম ৮০% ব্যাংকের মাধ্যমে হইতে হইবে | ব্যাংকের হিসাব ও অর্থের রশিদ বিএমইটি এবং কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক সত্যায়নকৃত হইতে হইবে | ১০ |
| ৪) | নিয়োগকারি কর্তৃক অভিবাসন ব্যয় বহনকৃত কর্মীর সংখ্যা; | ন্যূনতম ২০০ জন কর্মীর অভিবাসন ব্যয় নিয়োগকারি কর্তৃক বহন করিতে হইবে | বিএমইটি এবং কর্মসংস্থান অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ০৫ |
| ৫) | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ----- | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ০৫ |
| ৬) | আবেদনকারী রিক্রুটিং এজেন্ট কর্তৃক সততা, সুনাম এবং আইন-বিধিবিধান প্রতিপালন সংক্রান্ত তথ্য। | ------ | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ১০ |

তবে শর্ত থাকে যে, এই ক্যাটাগরীতে আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণ কর্তৃক প্রেরণকৃত মোট কর্মীর ন্যূনতম ৩০% দক্ষ ও আধা-দক্ষ কর্মী হইতে হইবে;

৬। অভিবাসী ব্যয় হ্রাসে গুরুত্বপূর্ণ অবদানকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) ক্যাটাগরীতে নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

| ক্রঃ নং | নির্ণায়ক | ন্যূনতম যোগ্যতা | তথ্যের উৎস | মান বন্টন (পূর্ণ মান=৫০) |
|---|---|---|---|---|
| ১) | সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়ে প্রেরিত মোট কর্মীর সংখ্যা; | মোট প্রেরিত কর্মীর ১০০% সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়ে প্রেরণ করিতে হইবে | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ডাটাবেজ এবং মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এর প্রতিবেদন এবং Recruiting Agent Information Management System (RAIMS) | ১৫ |
| ২) | বিদেশগামী কর্মীর সহিত ব্যাংকের মাধ্যমে লেনদেনের পরিমাণ; | মোট লেনদেনের ন্যূনতম ৮০% ব্যাংকের মাধ্যমে হইতে হইবে | ব্যাংকের হিসাব ও অর্থের রশিদ বিএমইটি এবং কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক সত্যায়নকৃত হইতে হইবে | ১০ |

| ক্রঃ নং | নির্ণয়ক | ন্যূনতম যোগ্যতা | তথ্যের উৎস | মান বন্টন (পূর্ণ মান=৫০) |
|---|---|---|---|---|
| ৩) | নিয়োগকারি কর্তৃক অভিবাসন ব্যয় বহনকৃত কর্মীর সংখ্যা; | ন্যূনতম ২০০ জন কর্মীর অভিবাসন ব্যয় নিয়োগকারি কর্তৃক বহন করিতে হইবে | বিএমইটি এবং কর্মসংস্থান অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ১০ |
| ৪) | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ----- | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ০৫ |
| ৫) | আবেদনকারী রিক্রুটিং এজেন্ট কর্তৃক সততা, সুনাম এবং আইন-বিধিবিধান প্রতিপালন সংক্রান্ত তথ্য। | ------- | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ১০ |

তবে শর্ত থাকে যে, এই ক্যাটাগরীতে আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণ কর্তৃক প্রেরণকৃত মোট কর্মীর ন্যূনতম ৩০% দক্ষ ও আধা-দক্ষ কর্মী হইতে হইবে;

৭। সর্বাধিক দক্ষ কর্মী প্রেরণকারী সিআইপি (রিক্রুটিং এজেন্ট) ক্যাটাগরীতে নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের নিম্নবর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

| ক্রঃ নং | নির্ণয়ক | ন্যূনতম যোগ্যতা | তথ্যের উৎস | মান বন্টন (পূর্ণ মান=৫০) |
|---|---|---|---|---|
| ১) | মোট প্রেরণকৃত দক্ষ ও আধা-দক্ষ কর্মীর (নারী ও পুরুষ) সংখ্যা; | মোট প্রেরিত কর্মীর ন্যূনতম ৬০%দক্ষ ও আধা-দক্ষ কর্মী হইতে হইবে | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ডাটাবেজ এবং Recruiting Agent Information Management System (RAIMS) | ২০ |
| ২) | নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণ প্রদানের মোট সংখ্যা; | ন্যূনতম ৫০০ জন কর্মীকে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র প্রতিবেদন এবং RAIMS | ১০ |
| ৩) | বিদেশগামী কর্মীর সহিত ব্যাংকের মাধ্যমে লেনদেনের পরিমাণ; | মোট লেনদেনের ন্যূনতম ৮০% ব্যাংকের মাধ্যমে হইতে হইবে | ব্যাংকের হিসাব ও অর্থের রশিদ বিএমইটি এবং কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক সত্যায়নকৃত হইতে হইবে | ০৫ |
| ৪) | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ----- | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ০৫ |
| ৫) | আবেদনকারী রিক্রুটিং এজেন্ট কর্তৃক সততা, সুনাম এবং আইন-বিধিবিধান প্রতিপালন সংক্রান্ত তথ্য। | ------ | বিএমইটি, মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং এনফোর্সমেন্ট ও মনিটরিং অনুবিভাগের প্রতিবেদন এবং RAIMS | ১০ |

৮। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের অযোগ্যতা - নিম্নবর্ণিত ক্ষেত্রে (এক বা একাধিক) কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান সিআইপি (রিক্রুটিং এজেন্ট) হিসাবে নির্বাচিত হইবার ক্ষেত্রে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথাঃ-

(১) রিক্রুটিং এজেন্টের হালনাগাদ লাইসেন্স না থাকিলে অথবা লাইসেন্স পরিচালনার যোগ্যতা হারাইলে;

(২) কোন রিক্রুটিং এজেন্টের লাইসেন্স বাতিল বা স্থগিত করা হইলে;

(৩) রিক্রুটিং এজেন্ট আইনের অধীন দন্ড প্রাপ্ত হইলে এবং দন্ড ভোগ করিবার পর দুই বৎসর সময় অতিবাহিত না হইলে;

(৪) রিক্রুটিং এজেন্টের বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগে বাংলাদেশের কোন আদালতে মামলা বিচারাধীন থাকিলে;

(৫) রিক্রুটিং এজেন্ট মানবপাচারের দায়ে দোষী সাব্যস্ত হইলে;

(৬) আবেদনে ভুল অথবা মিথ্যা তথ্য প্রদান করিলে;

(৭) আবেদনকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের TIN/e-TIN না থাকিলে;

(৮) আবেদনকারী রিক্রুটিং এজেন্ট করখেলাপী হইলে;

(৯) আবেদনকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠান ঋণখেলাপী হইলে;

(১০) অনুচ্ছেদ ১৩ এর উপানুচ্ছেদ (৩) এ উল্লিখিত সময়ের পরও কোন নির্বাচিত রিক্রুটিং এজেন্ট কর্তৃক সিআইপি (রিক্রুটিং এজেন্ট) কার্ড মন্ত্রণালয়ে জমা প্রদান না করিলে তিনি পরবর্তীতে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের ক্ষেত্রে আবেদনের করিবার জন্য অযোগ্য বিবেচিত হইবেন।

শর্ত থাকে যে, সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচিত হওয়ার পরেও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত তথ্য ভুল অথবা মিথ্যা প্রমানিত হইলে সরকার তাহার সিআইপি (রিক্রুটিং এজেন্ট) মর্যাদা বাতিল করিতে পারিবে। আরো শর্ত থাকে যে, উক্তরূপ ক্ষেত্রে উক্ত ব্যক্তি অথবা প্রতিষ্ঠান ভবিষ্যতে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) হিসাবে নির্বাচিত হইবার জন্য আবেদন করিতে পারিবেন না।

৯। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের বিজ্ঞাপন প্রকাশ।-

(১) বাংলাদেশে সর্বাধিক প্রচারিত কমপক্ষে ০২টি জাতীয় দৈনিক (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) পত্রিকায় এবং ০১টি ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করিতে হইবে।

(২) উক্ত বিজ্ঞাপন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি, ওযেজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এবং বায়রার ওয়েবসাইটে প্রচার করিতে হইবে।

১০। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচিত হইবার জন্য আবেদন।- সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচিত হইবার জন্য-

(১) বিজ্ঞাপনে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে আগ্রহী আবেদনকারীগণকে নির্ধারিত ফরমে (প্রমাণকসহ) সরাসরি বা অনলাইনে (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন দাখিল করিতে হইবে; এবং

(২) অনলাইনে আবেদনকারীগণ প্রয়োজনীয় সংযুক্তি ও প্রমাণকসহ আবেদনপত্রের ০২(দুই) সেট (হার্ডকপি) সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

১১। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের প্রক্রিয়া।-

১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ২ (দুই)টি কমিটির মাধ্যমে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিবে:

(ক) প্রাথমিক বাছাই কমিটি:

| ক্রঃনংঃ | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (মিশন ও কল্যাণ অনুবিভাগ)/ (কর্মসংস্থান অনুবিভাগ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ০২ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (মনিটরিং/এনফোর্সমেন্ট) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব(কর্মসংস্থান) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (কল্যাণ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আইন) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৬ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর উপ-পরিচালক পদমর্যাদার প্রতিনিধি | সদস্য |
| ০৭ | বোয়েসেল এর প্রতিনিধি | সদস্য |
| ০৮ | বায়রার প্রতিনিধি | সদস্য |
| ০৯ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কল্যাণ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য সচিব |

কার্য-পরিধি:- (১) প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকা প্রস্তুত করিবে।

(২) উক্তরূপ তালিকা প্রস্তুতের পর কমিটির সদস্য-সচিব কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড এবং ঋণ খেলাপী/হুন্ডি সংক্রান্ত অভিযোগ সম্পকির্ত তথ্যের জন্য বাংলাদেশ ব্যাংকে এবং আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের বাৎসরিক পাফরমেন্স এর বিষয়ে অনাপত্তি/মতামতের জন্য জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগে প্রেরণ করিবে।

(৩) কমিটির সদস্য-সচিব সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে প্রাপ্ত মতামত/অনাপত্তির বিষয়সমূহ তালিকায় অন্তর্ভুক্ত করিবে।

(৪) প্রাথমিক বাছাই কমিটি কর্তৃকসংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে প্রাপ্ত মতামত/অনাপত্তির ভিত্তিতে তফসিলে উল্লিখিত মান অনুযায়ী আবেদনকারী রিক্রুটিং এজেন্টগণের অনুকূলে প্রাথমিকভাবে মানবন্টন করিতে হইবে।

(খ) চূড়ান্ত বাছাই কমিটি:-

| ক্রমনং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ০১ | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (মিশন ও কল্যাণ অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৪ | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ০৫ | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| ০৬ | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সদস্য |
| ০৭ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৯ | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১০ | বাংলাদেশ ব্যাংক এর ডিজিএম পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১১ | জাতীয় রাজস্ব বোর্ড এর কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ১২ | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর প্রতিনিধি | সদস্য |
| ১৩ | মহাপরিচালক, বায়রা | সদস্য |
| ১৪ | উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

কার্য-পরিধি: চূড়ান্ত বাছাই কমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ দপ্তর হইতে প্রাপ্ত মতামত/ অনাপত্তি/ তথ্যাদির ভিত্তিতে প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক আবেদনকারীগণের অনুকূলে বন্টিত মান পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সিআইপি(রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের লক্ষ্যে আবেদনকারীগণের চূড়ান্ত তালিকার খসড়া প্রণয়ন করিবে।

(গ) চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক প্রণীত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগের বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচন কমিটির সুপারিশ গ্রহণের লক্ষ্যে প্রেরণ করিতে হইবে।

(ঘ) অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসহ সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনের লক্ষ্যে আবেদনকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(ঙ) অতঃপর নির্বাচিত সিআইপি(রিক্রুটিং এজেন্ট) গণের নামের তালিকার প্রজ্ঞাপন জারির করিতে হইবে।

১২। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন ক্যালেন্ডার।- নিম্নবর্ণিত ক্যালেন্ডার মোতাবেক প্রতি বছর সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে ঃ

| ক্রঃনং | কার্যক্রমের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ০১ | বিজ্ঞপ্তি প্রচার, দরখাস্ত আহবান ও গ্রহণ | ০১ জানুয়ারী - ২৮ ফেব্রুয়ারী |
| ০২ | প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ | ০১-৩১ মার্চ |
| ০৩ | প্রাথমিকভাবে বাছাইকৃত তালিকাভুক্ত আবেদনকারী সম্পর্কে অনাপত্তি/মতামতের জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগের নিকট প্রেরণ | ০১-১০ এপ্রিল |
| ০৪ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মসংস্থান অনুবিভাগ এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ হইতে অনাপত্তি/মতামত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ | ১১ এপ্রিল - ৩০ জুলাই |
| ০৫ | চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সুপারিশ গ্রহণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ১-৩০ আগস্ট |
| ০৬ | মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ গ্রহণ | ০১-১৫ সেপ্টেম্বর |
| ০৭ | সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ | ১৫ -৩০ সেপ্টেম্বর |
| ০৮ | নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) তালিকার প্রজ্ঞাপন জারিকরণ | ০১-১৫ অক্টোবর |

১৩। নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) এর তালিকার প্রজ্ঞাপন প্রকাশ ও মেয়াদ।-

(১) নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) এর তালিকা প্রজ্ঞাপন জারীর মাধ্যমে প্রকাশ করা হইবে।

(২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) এর অনুকূলে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) কার্ড ইস্যু করিবে।

(৩) নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট)কে প্রদত্ত সুযোগ-সুবিধার মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য কার্যকর থাকিবে। সিআইপি (রিক্রুটিং এজেন্ট) কার্ডের মেয়াদ উত্তীর্ণ হইবার পর উহা এক সপ্তাহের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে জমা দিতে হইবে।

১৪। নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) এর প্রাপ্য সুযোগ-সুবিধা।-

(১) নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) কে প্রবাসী কল্যাণ ও বৈদিশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হইতে সরকার অনুমোদিত পরিচয়পত্র প্রদান করা হইবে।

(২) সিআইপি (রিক্রুটিং এজেন্ট) তাঁহার পরিচয়পত্রের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।

(৩) সরকার কর্তৃক নিয়োজিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারিবেন।

(৪) নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট)গণবিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতার জন্মবার্ষিকী, মে দিবস, জাতীয় শোক দিবস, আন্তর্জাতিক অভিবাসী দিবসসহ গুরুত্বপূর্ণ জাতীয় এবং আন্তর্জাতিক দিবস উপলক্ষে জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাইবেন।

(৫) বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) অগ্রাধিকার পাইবেন।

(৬) সিআইপি (রিক্রুটিং এজেন্ট) তাঁহার স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতাল কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।

(৭) সিআইপি (রিক্রুটিং এজেন্ট) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

তবে, শর্ত থাকে যে, সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে, কোন কারণ প্রদর্শন ব্যতীত, কোন নির্বাচিত সিআইপি (রিক্রুটিং এজেন্ট) কে প্রদত্ত সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

১৫। **সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন সংক্রান্ত অধিকার সংরক্ষণ**।-সরকার সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন সংক্রান্ত সকল অধিকার সংরক্ষণ করিবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতীরেকে সরকার, যে কোন সময়ে এবং পর্যায়ে সিআইপি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন সংক্রান্ত কার্যক্রম স্থগিত অথবা বাতিল করিতে পারিবে। সরকারের উক্তরূপ কার্যক্রমের জন্য কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান সরকারের বিরুদ্ধে আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে